দৈনিক বাংলা

তারিখ 0 6 JUL 1995
পৃষ্ঠা 2 0 6 JUL 1995

খসড়া তালিকা প্রকাশিত

# সারাদেশে পাঁচ কোটি ৫৮ লাখ ৭০ হাজার ৭০৫ জন ভোটার

স্টাফ রিপোর্টার ঃ বুধবার খসড়া ভোটার তালিকা প্রকাশ করা হয়েছে। সারাদেশে মোট পাঁচ কোটি ৫৮ লাখ ৭০ হাজার ৭০৫ জন ভোটার তালিকাভুক্ত হয়েছেন।

তালিকাভুক্ত ভোটারের মধ্যে দু'কোটি ৮২ লাখ ৬ হাজার ৪১৯ জন পুরুষ এবং দু'কোটি ৭৬ লাখ ৬৪ হাজার ৪২৩ জন মহিলা।

১৯৯১ সালে ২৭ ফেব্রুয়ারী জাতীয় সংসদ নির্বাচনের সময় দেশে ভোটারের সংখ্যা ছিল ছ'কোটি ২১ লাখ ৮১ হাজার। '৯১ সালের তুলনায় চলতি খসড়া ভোটার তালিকায় ৬৩ লাখ ১০ হাজার ২৯৫ জন ভোটার কম।

তালিকাভুক্ত ভোটারের মধ্যে ঢাকা বিভাগে এক কোটি ৭৪ লাখ ১৩ হাজার ১৫৭ জন, চট্টগ্রাম বিভাগে এক কোটি ৩৮ লাখ ১৬ হাজার ৪৭৪ জন, রাজশাহী বিভাগে এক কোটি ৪৩ লাখ ১২ হাজার ৪১৯ জন, খুলনা বিভাগে ৬৯ লাখ ৩ হাজার ৫৫৮ জন এবং বরিশাল বিভাগে ৩৪ লাখ ২৫ হাজার ৯৭ জন রয়েছেন।

(৪-এর পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## সারাদেশে পাঁচ কোটি

(প্রথম পৃষ্ঠার পর)

**পুরুষ ভোটার বেশী**

সারাদেশে তালিকাভুক্ত ভোটারের মধ্যে পুরুষ ভোটারের সংখ্যা বেশী। মহিলা অপেক্ষা পুরুষ ভোটারের সংখ্যা পাঁচ লাখ ৪১ হাজার ৮৫৯ জন বেশী।

নির্বাচন কমিশনের এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে জনসাধারণের দেখার জন্য খসড়া ভোটার তালিকা সংশ্লিষ্ট জেলা নির্বাচন অফিসারের কার্যালয়, সহকারী রেজিস্ট্রেশন অফিসারের কার্যালয় এবং ভোটার এলাকার ইউনিয়ন পরিষদ, পৌরসভা, সিটি কর্পোরেশনের ওয়ার্ড অফিস, স্কুল ও মাদ্রাসায় টাঙ্গানো হয়েছে।

খসড়া ভোটার তালিকায় কোন ভোটার হওয়ার যোগ্য ব্যক্তির নাম অন্তর্ভুক্ত না হয়ে থাকলে অথবা কোন অযোগ্য ব্যক্তির নাম অন্তর্ভুক্ত হয়ে থাকলে বা কোন ভোটারের নাম ও তথ্যাদি ভুলভাবে সন্নিবেশিত হলে সে সম্পর্কে দাবী, আপত্তি ও সংশোধনের জন্য আবেদন নির্ধারিত ফরমে আগামী ২২ জুলাইয়ের মধ্যে রিভাইজিং অথরিটি অথবা রেজিস্ট্রেশন অফিসার অথবা সহকারী রেজিস্ট্রেশন অফিসারের নিকট দাখিল করার অনুরোধ জানানো হয়েছে।

উল্লেখ্য, খসড়া ভোটার তালিকার উপর প্রাপ্ত দাবী, আপত্তি এবং সংশোধনীর জন্য আবেদন রিভাইজিং অথরিটি আগামী ৬ আগস্টের মধ্যে নিষ্পত্তি করবেন এবং আগামী ৩০ সেপ্টেম্বর চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে।

গত ২৫ মে থেকে সারাদেশে ভোটার রেজিস্ট্রেশনের কাজ শুরু হয় এবং ১৫ জুন তা শেষ হয়।